"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারকনং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮- ৪১৪

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৮ / ১০ সেপ্টেম্বর ২০২১

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণে স্বাস্থ্যবিধি সংক্রান্ত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি)/ standard operating procedure (SOP) অনুসরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে কোভিড-১৯ অতিমারির কারণে দীর্ঘ সময় পরে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ০৬/০৯/২০২১ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬ নং স্মারকে নির্দেশনা এবং পৃথক গাইডলাইন জারী করা হয়েছে। জারীকৃত নির্দেশনাসমুহ এবং কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় কারিগরি পরামর্শক কমিটির ০২/০৯/২০২১ খ্রি. তারিখের সভায় গৃহীত সুপারিশসমূহের আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর একটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি)/standard operating procedure (SOP) প্রস্তুত করেছে (সংযুক্ত)। এসওপি-তে নির্দেশিত দায়িত্ব যথাযথভাবে পালনের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের স্বাস্থ্যঝুঁকি কমিয়ে আনা সম্ভব।

এমতাবস্থায়, উক্ত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩ পৃষ্ঠা।

১০/০৯/২১

কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৫৯

১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা........ (সকল অঞ্চল)
২। অধ্যক্ষ,...... (সকল সরকারি মাদ্রাসা)
৩। জেলা শিক্ষা অফিসার ...... (সকল)
৪। উপজেলা/থানা মাধমিক শিক্ষা অফিসার...... (সকল)
৫। সভাপতি/ অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান .....(সকল বেসরকারি মাদ্রাসা)

স্মারকনং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮- ৪১৪(৭)

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৮ / ১০ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ;
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩। বিভাগীয় কমিশনার.... (সকল)
৪। জেলা প্রশাসক ... . (সকল)
৫। উপজেলা নির্বাহী অফিসার ...... (সকল)

(৩–৫) তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় সংযুক্ত এসওপি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাশিঅ।

১০/০৯/২০২১

মো:সাইফুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৩
ddadmeb@gmail.com

## স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি)/standard operating procedure (SOP)

**মাদ্রাসা প্রধানগণের প্রতি নির্দেশনা:**

১.মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ০৬/০৯/২০২১ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬ নং স্মারকে জারীকৃত নির্দেশনাসমূহ এবং সংযুক্ত গাইডলাইন সঠিকভাবে অনুসরণ নিশ্চিত করা।

২. কোভিড-১৯ পরিস্থিতিতে 'করণীয়' এবং 'বর্জনীয়' কাজ সম্পর্কে শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও কর্মচারীদের নিয়ে স্বাস্থ্যবিধি মেনে সভা করে সকলকে এ বিষয়ে সুস্পষ্ট ধারণা প্রদান।

৩. প্রতিটি শিক্ষার্থীর শারীরিক ও মানসিক স্বাস্থের বিষয়টিকে গুরুত্ব দিয়ে আনন্দময় শিখন পরিবেশ নিশ্চিতকরণ।

৪. মাদ্রাসায় অবস্থানকালে সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলের সর্বদা মাস্ক পরিধান নিশ্চিতকরণ।

৫. কোন শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারীর কোভিড-১৯ এর লক্ষণ দেখা গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৬. স্বাস্থ্যবিধি অনুসরণ করে শিক্ষার্থীদের জন্য আসন বিন্যাস করা।

৭. মাদ্রাসার কমপক্ষে ৮০ শতাংশ শিক্ষক কর্মচারীকে কোভিড-১৯ এর টিকা গ্রহণ নিশ্চিত করা।

৮. পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত প্রাতঃসমাবেশ (Assembly) বন্ধ রাখা।

৯. কোয়ারেন্টিন/আইসোলেশন থাকা শিক্ষার্থীদের উপস্থিতগণ্য করে ১৪ দিন বাড়িতে থাকার অনুমতি প্রদান।

১০. শিক্ষার্থীদের নিরাপত্তা ও সুরক্ষার বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেওয়া।

১১. দরিদ্র ও সুবিধাবঞ্চিত নৃগোষ্ঠীর প্রতিবন্ধকতা বিবেচনা করে সকল শিক্ষার্থীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

১২. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত নির্ধারিত ছক মোতাবেক প্রতিদিন তথ্যাদি প্রেরণ নিশ্চিত করা।

১৩. মাদ্রাসা খোলার প্রথম দিন শিক্ষার্থীরা কিভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে অবস্থান করবে এবং বাসা থেকে যাওয়া-আসা করবে সেই বিষয়ে তাদেরকে শিক্ষণীয় ও উদ্বুদ্ধকরণ ব্রিফিং প্রদান করার ব্যবস্থা করা। এছাড়া মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত এতদসংক্রান্ত ভিডিও প্রদর্শন করা।

১৪. যে সকল মাদ্রাসায় শিক্ষার্থী হোস্টেল রয়েছে সে সকল হোস্টেল চালুর ক্ষেত্রে কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধির পাশাপাশি ডেঙ্গু রোগ প্রতিরোধ ও চিকিৎসা সংক্রান্ত নির্দেশনা অনুসরণপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।

১৫. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত গাইডলাইন এবং নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা।

**শিক্ষকগণের প্রতি নির্দেশনা:**

১। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ০৬/০৯/২০২১ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬ নং স্মারকে জারীকৃত নির্দেশনাসমূহ এবং সংযুক্ত গাইডলাইন সঠিকভাবে অনুসরণ নিশ্চিত করা।

২। শিক্ষার্থীদের মানসিক অবস্থা বিবেচনায় নিয়ে তাদের মনোসামাজিক সহায়তা প্রদান।

৩। শ্রেণি কার্যক্রম শুরুতে স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক মোটিভেশনাল ব্রিফিং প্রদান।

৪। মাদ্রাসা খোলার অল্প কিছুদিনের মধ্যে শিক্ষার্থীদের দূর্বল দিকগুলো চিহ্নিত করে তা প্রদানের যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন।

৫। আনন্দঘন পরিবেশের মাধ্যমে শ্রেণি পাঠদান করা।

৬। হাঁচি কাশির শিষ্টাচার নিজে পালন করবেন ও শিক্ষার্থীদের এ বিষয়ে উদ্বুদ্ধ করবেন।

৭। কোন শিক্ষক ক্লাস শেষে পরবর্তী শিক্ষক না আসা পর্যন্ত শ্রেণিকক্ষ ত্যাগ করবেন না।

৮। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত গাইডলাইন এবং নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করবেন।

**শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা:**

১। প্রদত্ত রুটিন অনুযায়ী প্রতিষ্ঠানে নিয়মিত আগমন।

২। মাদ্রাসা কর্তৃক নির্দেশিত দূরত্ব মেনে প্রবেশ, শ্রেণি কক্ষে বসা ও প্রতিষ্ঠান হতে বহির্গমন করা।

৩। অসুস্থতা অনুভব করলে সঙ্গে সঙ্গে পিতা-মাতাকে জানানো।

৪। মাদ্রাসায় অবস্থানকালে শারীরিক অসুস্থতা অনুভব করলে শ্রেণি শিক্ষককে তাৎক্ষণিক অবহিত করা।

৫। হাচি-কাশি, কফ ও থুথু ফেলার শিষ্টাচার মেনে চলা এবং পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা।

৭। শ্রেণিকক্ষে প্রবেশের পূর্বে সঠিক নিয়ম অনুসরণ করে হাত ধোয়া/স্যানিটাইজ করা।

৮। মাদ্রাসায় আসা যাওয়ার পথে এবং অবস্থানকালে সঠিক নিয়মে মাস্ক পরিধান এবং শারীরিক দূরত্ব (নূন্যতম ৩ফুট) বজায় রাখা।

**অভিভাবকগণের প্রতি পরামর্শ:**

১। সন্তানকে মাস্ক পরে মাদ্রাসায় পাঠানো নিশ্চিত করা।

২। মাদ্রাসায় যাবার জন্য সন্তানকে উৎসাহিত করা।

৩। সন্তানকে নিজ স্বাস্থ্য সম্পর্কে (পরিষ্কার-পরিচ্ছন্ন) সচেতন করা।

৪। মাদ্রাসায় সঠিক সময়ে প্রেরণ ও বাসায় আসা নিশ্চিত করা।

৫। সন্তান অথবা পরিবারের কোন সদস্য কোভিড আক্রান্ত হলে মাদ্রাসা প্রধানকে অবিলম্বে জানানো।

৬। মাদ্রাসা প্রদত্ত নির্দেশনা সন্তান ও অভিভাবক উভয়ই অনুসরণ করবেন।

৭। শুধু খাবার পানি বাসা হতে আনার বিষয় সন্তানকে উৎসাহিত ও নিশ্চিত করবেন।

৮। মাদ্রাসায় অবস্থানকালে বাইরের খাবার না খাওয়ার বিষয়ে সচেতন করবেন।

**গর্ভনিং বডি/ম্যানেজিং কমিটির প্রতি পরামর্শ:**

১। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ০৬/০৯/২০২১ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬ নং স্মারকে জারীকৃত নির্দেশনাসমূহ এবং সংযুক্ত গাইডলাইন সঠিকভাবে অনুসরণ নিশ্চিত করা।

২। মাদ্রাসায় পুনরায় চালুকরণের পরিকল্পনা বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা করবেন।

৩। জাতীয় পযায়ে স্বাস্থবিধিতে কোন বড় পরিবর্তন আসলে, নতুন বিধি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে সঠিক সহায়তা প্রদান।

৪। নিরাপদ পানি ও স্যানিটেশনের চাহিদা নিরুপণ এবং তা বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ।

৫। মাদ্রাসা প্রধান, অভিভাবক, স্থানীয় প্রশাসন, স্থানীয় জন প্রতিনিধি, স্থানীয় স্বাস্থ্য বিভাগসহ মাদ্রাসা সংশ্লিষ্ট সকলের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা।

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের প্রতি নির্দেশনা:**

১। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ০৬/০৯/২০২১ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬ নং স্মারকে জারীকৃত নির্দেশনাসমূহ এবং সংযুক্ত গাইডলাইন সঠিকভাবে অনুসরণ নিশ্চিত করা।

২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) এর ই-মেইলে (ddadmeb@gmail.com) নির্ধারিত তথ্য ছক প্রতিদিন বিকেল ৪টার মধ্যে প্রেরণ নিশ্চিত করা।

৩। ঝরে পড়া ও সুবিধা বঞ্চিত শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রমে অংশ গ্রহণে মাদ্রাসায় গৃহীত কার্যক্রম মনিটরিং করা।

৪। কোভিড অতিমারি পরিস্থিতিতে তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় সার্বক্ষণিক মনিটরিং এর আওতায় রাখা।

৫। জাতীয় পর্যায়ে স্বাস্থ্যবিধিতে কোন বড় পরিবর্তন আসলে, নতুন বিধি অনুযায়ী পরিকল্পনাটি মাদ্রাসার ব্যবস্থপনা কমিটির সাথে আলোচনা/পর্যালোচনা করে পরিবর্তন করা। পরিবর্তিত পরিকল্পনাটি শিক্ষক,অভিভাবক, স্থানীয় প্রশাসন, স্থানীয় জন প্রতিনিধি মাদ্রাসার সাথে সংশ্লিষ্ট সকলকে জানাবেন।

৬। তাঁর আওতাধীন কোন মাদ্রাসায় নির্দেশনার ব্যত্যয় ঘটালে তাৎক্ষণিকভাবে নিজে ব্যবস্থা নেবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

**জেলা শিক্ষা অফিসারগণের প্রতি নির্দেশনা:**

১। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ০৬/০৯/২০২১ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬ নং স্মারকে জারীকৃত নির্দেশনাসমূহ এবং সংযুক্ত গাইডলাইন সঠিকভাবে অনুসরণ নিশ্চিত করা।

২। জেলার সকল মাদ্রাসায় জনস্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে শিক্ষা কার্যক্রম নিশ্চিত করা।

৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল মাদ্রাসা যথাযথভাবে মনিটরিং করছেন কিনা তা তদারকি করা।

৪। স্থানীয় প্রশাসন ও স্বাস্থ্য বিভাগের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা।

৫। তাঁর জেলার সংক্রমণের হার আগের সপ্তাহের তুলনায় চলতি সপ্তাহে বেশি হলে স্থানীয় স্বাস্থ বিভাগের পরামর্শক্রমে নিবিড় সার্ভিল্যান্স এর ব্যবস্থা করতে হবে।

৬। তাঁর দপ্তরে সংশ্লিষ্ট জেলার জন্য একটি কন্ট্রোল রুমের ব্যবস্থা করতে হবে যেখানে/যে নম্বরে সবাই জরুরী প্রয়োজনে যোগাযোগ করতে পারবে।

৭। তাঁর আওতাধীন কোন মাদ্রাসায় নির্দেশনার ব্যত্যয় ঘটালে তাৎক্ষণিকভাবে নিজে ব্যবস্থা নেবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

**আঞ্চলিক উপপরিচালকগণের প্রতি নির্দেশনা:**

১। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ০৬/০৯/২০২১ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬ নং স্মারকে জারীকৃত নির্দেশনাসমূহ এবং সংযুক্ত গাইডলাইন সঠিকভাবে অনুসরণ নিশ্চিত করা।

২। কেন্দ্রীয় এবং রাষ্ট্রীয় পর্যায় থেকে গৃহীত সিদ্ধান্তসমূহ নিজ অঞ্চলের সকল কর্মকর্তাকে অবহিত করা এবং যথাযথ নির্দেশনা প্রদান ও সার্বক্ষণিক মনিটরিং করা।

৩। তাঁর দপ্তরে সংশ্লিষ্ট অঞ্চলের জন্য একটি কন্ট্রোল রুমের ব্যবস্থা করতে হবে যেখানে/যে নম্বরে সবাই জরুরী প্রয়োজনে যোগাযোগ করতে পারবে।

৪। তাঁর আওতাধীন কোন মাদ্রাসায় নির্দেশনার ব্যত্যয় ঘটালে তাৎক্ষণিকভাবে নিজে ব্যবস্থা নেবেন এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অবহতি করবেন।

১৩/০৯/২০২১
মো:সাইফুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১৩/০৯/২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর